

সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নম্বরঃ ১১৪

২৬. রাসূলুল্লাহ (ﷺ) এর তরকারীর বর্ণনা (باب ما جاء في إدام رسول الله ﷺ) এর তরকারীর বর্ণনা

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ ، قَالَ : حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ ، قَالَ : سَمِعْتُ النُّعْمَانَ بْنَ بَشِيرٍ ، يَقُولُ : " أَلَسْتُ فِي طَعَامٍ وَشَرَابٍ مَا شِئْتُمْ ؟ لَقَدْ رَأَيْتُ نَبِيَّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، وَمَا يَجِدُ مِنَ الدَّقْلِ مَا يَمْلَأُ بَطْنَهُ " .

বাংলা

১১৪. সিমাক ইবনে হারব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নু'মান ইবনে বাশীর (রাঃ) কে বলতে শুনেছি। তিনি বলেছেন, তোমরা কি পানাহারের ব্যাপারে যা ইচ্ছা তা গ্রহণ কর না? (অর্থাৎ নিশ্চয় গ্রহণ করছ)। অথচ আমি দেখেছি তোমাদের নবী তৃপ্তি সহকারে পেট ভরে সাধারণ খেজুরও খেতে পাননি।[1]

English

Nu'maan bin Bashir Radiyallahu 'Anhu says: "Are you not in the luxuries of eating and drinking. Whereas I have seen Rasulullah Sallallahu 'Alayhi Wasallam not having ordinary types of dates to full his stomach".

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হা/৭৬৫০; ইবনে হিব্বান, হা/৬৩৪০।

ব্যাখ্যা

রাসূলুল্লাহ (সাঃ) এর ওফাতের পর সাহাবী ও তাবিয়ীগণ যখন প্রচুর খাদ্যের অধিকারী হন, তখন তাদেরকে সতর্ক করে নু'মান ইবনে বাশীর (রাঃ) একথা বলেন। রাসূলুল্লাহ (সাঃ) এর অনুসরণের প্রতি এবং দুনিয়ার উপকরণ সংক্ষিপ্ত রাখার প্রতি উৎসাহিত করা তাঁর উদ্দেশ্য ছিল।

The Sahaabi's intention is to persuade one to follow the simple life of Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam and that one lives in this world for only a short period. When in the hadith it is denied that Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam did not have ordinary dates to fill his stomach then what about bread and curry?

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=49028>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন